

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৯.০২৬.১৮-৬৬০

তারিখ- ১১/১০/২০১৮খ্রিঃ।

বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ।

সূত্রঃ কুমিল্লা পলিটেকনিক ইন্সটিটিউটের স্মারক নং-কুপই/সংস্থাপন/ব্যক্তি/রিপোর্ট/২০১৮/৭৮৭৫, তারিখ-০৪/০৯/২০১৮খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোঃ তাজুল ইসলাম, ক্লিনার গত ০১/০৩/২০১৭খ্রিঃ তারিখে কুমিল্লা পলিটেকনিক ইন্সটিটিউটে যোগদান করেন। যোগদানের পর হতে ইন্সটিটিউটের সুনাম ক্ষুন্ন হয় এমন ধরনের বিভিন্ন প্রকার আর্থিক ও অনৈতিক কার্যক্রমের সাথে সংশ্লিষ্টতার অভিযোগ পাওয়ায় আপনাকে একাধিকবার মৌখিকভাবে সতর্ক করা হয়েছে।

২। আপনার বিরুদ্ধে ছাত্র বদলীর জন্য টাকা চাওয়া, চাকুরী করে দিবে বলে টাকা নেওয়ার ইত্যাদি অভিযোগ পাওয়া যায়। আপনার এ ধরনের কার্যক্রমের জন্য কুমিল্লা পলিটেকনিক ইন্সটিটিউটের সুনাম ক্ষুন্ন হচ্ছে। যা “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” এর ৩। (খ) ধারা এর পরিপন্থি ও শাস্তিযোগ্য অপরাধ।

৩। এমতাবস্থায়, আপনার উক্ত আচরণের কারণে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩। (খ) ধারা মতে কেন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হল। লিখিত বক্তব্যের অতিরিক্ত হিসেবে ব্যক্তিগত শুনানি চান কিনা তাও নিম্নস্বাক্ষরকারী বরাবর জানানোর জন্য নির্দেশ দেয়া গেল।

স্বাক্ষরিত/-  
(মনজুরুল কাদের)  
যুগ্ম সচিব  
ও  
পরিচালক (প্রশাসন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  
ফোন-০২-৯১১০৬৮৯


প্রাপকঃ জনাব মোঃ তাজুল ইসলাম  
ক্লিনার  
কুমিল্লা পলিটেকনিক ইন্সটিটিউট, কুমিল্লা।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৯.০২৬.১৮-৬৬০(৩)

তারিখ- ১১/১০/২০১৮খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলঃ-

- ১। অধ্যক্ষ, কুমিল্লা পলিটেকনিক ইন্সটিটিউট, কুমিল্লা।  
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেওয়ার জন্য অনুরোধ জানানো হল।)  
৩। সংশ্লিষ্ট নথি।

  
(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)  
সহকারী পরিচালক-৩  
ফোন-০২-৮১৮১২২৫